# ALL INDIA RADIO, SILCHAR

**************

**EVENING BULLETIN: BENGALI**

**DATE: 12 MARCH 2024**

**TIME: 19:45 HRS**

---

১) ২০১৪ সালের পর আসামে প্রবেশ করা কোনো ব্যাক্তি নাগরিকত্ব লাভ করবেনা বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার ঘোষনা ।

২) নাগরিকত্ব সংশোধনী আইন কোনো ধর্ম বা সম্প্রদায় বিরোধী নয় বলে কেন্দ্রীয় সরকারের প্রকাশ ।

৩) আসাম বিকশিত ভারত কার্যসূচীর অংশ হিসেবে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার আজ শিবসাগর জেলায় বেশ কিছু প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস ।

এবং

৪) আসন্ন লোকসভা নির্বাচনের জন্য কংগ্রেস দলের রাজ্যের ১২ টি আসনের জন্য প্রার্থী তালিকা ঘোষনা ।

---

২০১৪ সালের পর আসামে প্রবেশ করা কোন ব্যক্তি নাগরিকত্ব পাবে না বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা স্পষ্ট করে দিয়েছেন ।আজ শিবসাগরে সাংবাদিকদের সঙ্গে কথাবার্তায় মুখ্যমন্ত্রী একথা বলেন ।তিনি বলেন যে যেসব লোকের নাম জাতীয় নাগরিক পঞ্জীতে অন্তর্ভুক্ত হয়নি শুধু তারাই নাগরিকত্ব সংশোধনী আইনের ব্যবস্থা অনুযায়ি সুফল লাভ করতে পারবেন ।ডঃ শর্মা বলেন যে কতজন বিদেশী নাগরিকত্বের জন্য আবেদন করতে পারবেন সেই বিষয়ে জনসাধারণকে অবগত করা হবে এবং ৪৫ দিন পর স্থিতি স্পষ্ট হবে ।এদিকে নাগরিকত্ব সংশোধনী আইন বলবৎ করার বিরুদ্ধে বেশ কয়েকটি সংগঠন প্রতিবাদ কার্যসূচী পালন করছে । আইনটি বলবৎ হওয়ার প্রতিবাদে কংগ্রেস নেতৃত্বাধীন ১৬ টি দলের বিরোধী ঐক্যমঞ্চ আজ রাজ্যজুড়ে হরতাল ঘোষণা করেছে ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা নাগরিকত্ব সংশোধনী আইন বলবৎ করার বিরুদ্ধে হরতাল ও প্রতিবাদ সাব্যস্ত করা রাজনৈতিক দলগুলোর পঞ্জীয়ন বাতিল করা হবে বলে সতর্ক করে দিয়েছেন ।তিনি বলেন যে এধরণের প্রতিবাদকে গত বছর ১৯ শে মার্চ গুয়াহাটী হাইকোর্টের প্রদান করা রায়ের উল্লঙ্ঘন বলে গণ্য করা হবে ।রাজ্যে অপ্রীতিকর ঘটনা প্রতিরোধ করার উদ্দেশ্যে আসাম পুলিশ সুরক্ষা ব্যবস্থা কঠোর করে তুলেছে । এদিকে সারা

আসাম ছাত্র সংস্থা নাগরিকত্ব সংশোধনী আইনের বিরুদ্ধে আজ সুপ্রীমকোর্টে একটি আবেদন দাখিল করেছে । সরকার ২০১৯ সালের নাগরিকত্ব সংশোধনী আইনের অধীনে ভারতীয় নাগরিকত্ব লাভ করার জন্য যোগ্য বলে বিবেচিত ব্যক্তিদের জন্য একটি নতুন পোর্টেল চালু করেছে ।আবেদন করতে ইচ্ছুক ব্যক্তিরা indiancitizenshiponline.nic.in এ লগ ইন করে আবেদন করতে পারবেন ।কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রনালয় মোবাইল এ্যাপের মাধ্যমে আবেদন করার ব্যবস্থা করার জন্য সি এ এ থাউসেন্ড নাইন্টিন নামের একটি এ্যাপ চালু করবে ।উল্লেখ্য গতকাল ২০১৯ সালের নাগরিকত্ব সংশোধনী আইনের অধীনে নাগরিকত্ব সংশোধনী নিয়মাবলীর বিজ্ঞপতি জারী করা হয়েছে ।নাগরিকত্ব সংশোধনী আইন অনুযায়ী আফগানিস্থান , বাংলাদেশ ও পাকিস্তানের সংখ্যালঘু হিন্দু , শিখ , বৌদ্ধ , জৈন , পার্সী ও খ্রীষ্টান সম্প্রদায়ের লোকেরা ভারতীয় নাগরিকত্বের জন্য যোগ্য বলে বিবেচিত হবে ।নাগরিকত্ব সংশোধনী আইনটি ২০১৯ সালের ১২ ডিসেম্বর রাষ্ট্রপতির অনুমোদন লাভ করেছিল ।

---

সি আর পি সি সি আসামের পক্ষ থেকে সারা দেশে নাগরিকত্ব সংশোধনী আইন ২০১৯ বলবৎ করায় উদ্বেগ

প্রকাশ করা হয়েছে ।সংগঠনের পক্ষ থেকে এক প্রেস বার্তায় অভিযোগ করে বলা হয়েছে যে দেশভাগের বলি হয়ে ভারতে আসা লোকেদের নিঃশর্তে নাগরিকত্ব প্রদান করার প্রতিশ্রুতির বিপরীতে গিয়ে নাগরিকত্ব সংশোধনী আইনের নিয়মাবলী প্রস্তুত করা হয়েছে ।কমিটির পক্ষ থেকে দেশভাগের বলি হয়ে আসা লোকেদের নিঃশর্তে নাগরিকত্ব প্রদান করার দাবী জানানো হয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ইন্ডিয়ান টেকেড : চিপস ফর বিকশিত ভারত কার্যসূচীতে অংশ গ্রহণ করে প্রায় ১ লক্ষ ২৫ হাজার কোটি টাকা ব্যয় সাপেক্ষ তিনটি সেমিকনডাক্টর প্রকল্পের ভাচুয়েল ব্যবস্থার মাধ্যমে ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । এ উপলক্ষে প্রধানমন্ত্রী দেশের যুব প্রজন্মের উদ্দেশ্যে ভাষন দেবেন ।গুজরাটের ধলেরা বিশেষ বিনিয়োগ অঞ্চলে সেমিকনডাক্টর ফেব্রিকেসন সুবিধার জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করা সহ গুজরাট ও আসামের জাগীরোডে আউটচর্চড সেমিকন্ডাকটর এসেম্বলি এন্ড টেষ্ট সুবিধার জন্য ভিত্তিপ্রস্তর স্থাপন করা হবে । সেমিকনডাক্টরগুলির ডিজাইন , উৎপাদন ও প্রযুক্তিগত বিকাশের ক্ষেত্রে দেশকে বৈশ্বিক কেন্দ্র হিসেবে গড়ে তোলা ও এর মাধ্যমে দেশের যুবপ্রজন্মের জন্য নিয়োগের সুযোগ বৃদ্ধি করার ক্ষেত্রে প্রধানমন্ত্রীর লক্ষের দিকে

এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে এই তিনটি প্রকল্প খুব ই উল্লেখযোগ্য হিসেবে বিবেচিত হবে ।

আগামীকালের অনুষ্ঠানে সেমিকনডাক্টর শিল্পের নেতৃবর্গ সহ দেশের মহাবিদ্যালয় পর্যায়ের হাজারের ও বেশী ছাত্র ছাত্রী অংশ গ্রহণ করবে বলে আশা করা হচ্ছে ।

---

রাজ্যের সর্বাংগীন উন্নয়নের লক্ষে বিকশিত ভারত কার্যসূচীর অধীনে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা শিবসাগর জেলায় ৪৫৪ কোটি টাকা ব্যয় সাপেক্ষ ৩২ টি প্রকল্পের উদ্বোধন , ভূমিপুজো ও শিলান্যাস করেন । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: শর্মা রাজ্যের কন্যাদের উচ্চ শিক্ষার জন্য আসাম সরকার একটি নতুন প্রকল্প গ্রহণ করবে বলে ঘোষনা করেছেন । এই প্রকল্পের অধীনে দশম শ্রেণী উত্তীর্ন ছাত্রীকে একাদশ শ্রেণীতে ভর্তির জন্য সরকার ১০ হাজার করে টাকা প্রদান করবে ।একইভাবে দ্বাদশ শ্রেণী উত্তীর্ন ছাত্রীকে স্নাতক পর্যায়ে ভর্তির জন্য ১২ হাজার ৫০০ টাকা করে প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।এদিকে মুখ্যমন্ত্রী ডিমৌতে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্য সরকারের গ্রহণ করা বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের খতিয়ান তুলে ধরে ডিমৌতে ভিত্তিপ্রস্তর স্থাপন করা শিবসাগর চিকিৎসা

মহাবিদ্যালয়ের কাজ রাজ্য সরকার আগামী ৩ বছরের মধ্যে সম্পূর্ন করবে বলে জানান ।

---

আসন্ন লোকসভা নির্বাচনের জন্য কংগ্রেস রাজ্যের ১২ টি আসনের জন্য প্রার্থী তালিকা প্রকাশ করেছে । সেই অনুযায়ী শিলচরে সূর্যকান্ত সরকার , করিমগঞ্জে হাফিস রসিদ আহমেদ চৌধুরী , নগাও এ প্রদ্যুৎবরদলৈ ,, গৌহাটীতে মীরা বরঠাকুর , ধুবরীতে রকিবুল হুসেইন , যোরহাটে গৌরব গগৈ , বরপেটায় দ্বীপ বায়ন , শোণিতপুরে প্রেমলাল গুঞ্জু , দরং - ওদালগুড়িতে মাধব রাজবংশী , ডিফুতে জয়রাম ইংলেং , কোকরাঝারে গর্জন মুসাহারি ও কাজিরাঙায় রোজলীনা তির্কিকে প্রার্থীত্ব প্রদান করা হয়েছে ।উল্লেখ্য বরপেটার সাংসদ আব্দুল খালেককে এবার প্রার্থীত্ব প্রদান করা হয়নি ।অন্যদিকে কলিয়াবরের সাংসদ গৌরব গগৈকে যোরহাটের প্রার্থীত্ব প্রদান করা হয়েছে ।

---

বৃহৎ পরিমাণের ফেনসিডিল কফ সিরাপ সহ দুই পাচারকারীকে আটক করেন ।পশ্চিমবংগ থেকে আসা ডব্লু ৪৭ - ২১০৩ নম্বরের গাড়িটি আসাম হয়ে ত্রিপুরা প্রবেশের

পথে চেকপোষ্টে তল্লাশির সময় ঐ গাড়িটির মধ্যে থাকা বাক্স থেকে ১৯৩ পেকেট ৯ হাজার ৭০০ বোতল ফেনসিডিল কফ সিরাপ উদ্ধার করা হয় ।পুলিশ এই ঘটনায় সদানন্দ রায় ও সঞ্জয় রায় নামে দুই ব্যাক্তিকে আটক করে জিজ্ঞাসবাদ চালিয়ে যাচ্ছে ।

---

করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল যাদব গতকাল জেলার মহিলা কেন্দ্রিক প্রকল্পগুলি সর্ম্পকে জনসচেতনতার বার্তা ছড়িয়ে দিতে একটি মোবাইল ভ্যানের যাত্রার সূচনা করেছেন । এ উপলক্ষ্যে মহিলাদের কল্যানে থাকা প্রকল্পের বার্তা নিয়ে জেলা আয়ুক্তের কার্য্যলয় প্রাঙ্গন থেকে একটি শোভা যাত্রা বের হয়ে শহর পরিক্রমা করে সমাজ কল্যান কার্য্যলয়ে গিয়ে শেষ হয়েছে । উল্লেখ্য মহিলা প্রকল্পের বার্তা নিয়ে যাত্রা শুরু করা মোবাইল ভ্যানটি আগামী তিন দিন জেলার সাতটি আই সি ডি এস প্রকল্পের চার পাশে ঘুরে জনসচেতনতা বৃদ্ধি করবে ।

---

শলচর রাধামাধম কলেজের আই কিউ এ সি-র উদ্যোগে এবং আসাম দক্ষতা বিকাশ মিশনের সহযোগীতায় আজ রাধামাধব কলেজে স্কিল যাত্রার সূচনা হয়েছে । কলেজ অধ্যক্ষ ডক্টর দেবাশীষ রায়ের পৌরহিত্যে আয়োজিত সভায় আসাম দক্ষতা বিকাশ মিশনের দায়িত্বপ্রাপ্ত স্টেট প্রজেক্ট ম্যানেজার মীর শাকিল

রহমান , অধ্যাপিকা নম্রতা নাথ , শবনব শারংসা প্রমূখ বক্তব্য রাখেন । অধ্যক্ষ ডক্টর রায় বলেন যে স্কিল যাত্রার মাধ্যমে নব প্রজন্মের মধ্যে শিল্প কৌশল ও কারিগরী পদ্ধতির প্রতি বিকাশমূলক চিন্তাভাবনার জাগরন ঘটবে যার ফলে ছাত্র-ছাত্রীরা উপকৃত হবে ।

---

কাছাড় জেলা আইন সেবা কতৃপক্ষের উদ্যোগে গত ৯ই মার্চ শিলচরে আয়োজিত জাতীয় লোক আদালতে ৯৯৩টি মামলার নিষ্পত্তি করা হয়েছে । জেলা আইন সেবা কর্তৃপক্ষের সচিব এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জাতীয় লোক আদালতে মটর দূর্ঘটনা , দেওয়ানী ও ফৌজদারী মামলা , বিবাহ সংক্রান্ত মামলা ,ব্যাঙ্ক ঋন , টেলিফোন ও বিদ্যুৎ বিল সংক্রান্ত মামলার নিষ্পত্তি করা হয়েছে এবং জাতীয় লোক আদালত থেকে তিন কোটী ৫১ লক্ষ ৪৮ হাজার ৩৪ টাকা জরিমানা বাবদ আদায় করা হয়েছে ।

---